উপজেলা পরিষদ

ফেঞ্চুগঞ্জ, সিলেট

উপজেলা পরিষদের মার্চ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ **বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নূরুল ইসলাম**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা পরিষদের সভাকক্ষ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় ঃ ২১-০৩-২০২৪ খ্রি. দুপুর: ১২.০০টা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ	উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, মার্চ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই।	কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত মার্চ ২০২৪ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়	উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট।
০২	উপজেলার কমিটিসমূহের সুপারিশ	উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়।	উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।	সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি।
০৩	সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা	মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়।	বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট সকল দপ্তর।
০৪	স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি সভায় জানান গত মাসে ৭৬১৩জনকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। গত মাসে প্রথমবারের মত অত্র হাসপাতালে দুইটি সিজারিয়ান সেকশন অপারেশন করা হয়। অচিরেই যক্ষা রোগ নির্ণয়ের অত্যাধুনিক পরীক্ষা পদ্ধতি জিন এক্সপার্ট মেশিন চালু হবে। করনা ভেক্সিন পর্যাপ্ত মজুদ আছে। সবাইকে করনার টিকা দেয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	হাসপাতালে আসা রোগীদের সঠিক সেবা প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
০৫	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান ১। খাবার বড়ি পুরাতন ৬২৩৮ জন, নতুন ৯৪জন মোট ৬,৩৩২ জন ২। কনডম পুরাতন ১৫২৫ জন, নতুন ২১ জন মোট ১৫৪৬জন ৩। ইনজেকশন পুরাতন ২৮৫৭ জন, নতুন ৪ জন মোট ২৮৬১জন ৪। আইইউডি পুরাতন ৭২৯ জন, নতুন ২ জন মোট ৭৩১ জন ৫। ইমপ্লানন পুরাতন ৭৭৪জন নতুন ৪জন মোট ৭৭৮ জন ৬। স্থায় পদ্ধতি পুরুষ পুরাতন ৫১১ জন, নতুন নাই, মহিলা পুরাতন ১৮৪৯জন, নতুন নাই সর্বমোট গ্রহণকারী ১৪৬০৮জন। সক্ষম দম্পতি ১৯৩৩৯ জন, গর্ববতী ১১৫২ জন, উপজেলার মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (CAR)=৭৫.৫৪%। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	রোগীদের সঠিক সেবা প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
০৬	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি অফিসার

চলমানপাতা -০২

০৭	প্রাণি সম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান গবাদি প্রাণির জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন ৭০টি, গবাদি প্রাণির টীকা দান ২০০০মাত্রা, পোল্ট্রির টিকাদান ১৪০০০ মাত্রা, পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ৪টি। লাইভস্টক হাউজ হোল্ড সার্ভে ২০২৪ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৮	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য অফিসার সভায় জানান ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব খাতের আওতায় নমুনা মৎস্য গ্রামের ২০জন মৎস্যচাষীকে মা।স্য জরিপ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান কার হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য অফিসার
০৯	প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তয়বায়ন কর্মকর্তা সভায় জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের (৩য় পর্যায়) টিআর সাধারণ প্রকল্প জেলা প্রশাসকের কার্যালয় হতে অনুমোদন পাওয়া যায়। উপজেলা পরিষদ হতে বিভাজন করে ইউনিয়নে উপ-বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু অধ্যবধি পর্যন্ত ইউপি হতে কোন প্রকল্প তালিকা পাওয়া যায়নি। আগামী ২৪/০৩/২০২৪ তারিখের মধ্যে অতিদ্রুত প্রকল্প তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১০	সমাজ সেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান সকল প্রকার ভাতার পে রোল ইতিমধ্যে প্রেরণ করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দকৃত নতুন বয়স্ক ভাতা বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার যাচাই বাছাই চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা সমাজসেবা অফিসার
১১	প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান প্রতি মাসে নিয়মিতভাবে অনলাইন পরিদর্শন করা হয়। শ্রেণি কার্যক্রম পর্যবেক্ষন করা হয়। নতুন ভবন নির্মাণ কাজ পর্যবেক্ষণ করা হয়। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা অফিসার
১২	মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান ১। ভিডব্লিউবি কার্যক্রমের মার্চ/২০২৪ মাসের ডি.ও (ছাড়পত্র) দেয়া সম্পন্ন হয়েছে। খাদ্য শস্য বিতরণ কাজ চলমান। ২। ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের পরিবহন খরচের বিল হাওর অঞ্চল চিহ্নিত না থাকায় সমতল অঞ্চলের সর্বোচ্চ দূরত্ব অনুযায়ী পরিবহন খরচের বিল দেয়া হবে। ৩। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার
১৩	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান মার্চ ২০২৪ পর্যন্ত ২০২৩-২৪ অর্থ বছরে ১৯জন যুবদের মধ্যে মোট ৮,২০,০০০/-টাকা যুব ঋণ প্রদান করা হয়। ৩৩০ জন পুরুষ ও মহিলা কে বিভিন্ন ট্রেডে অপ্রাতিষ্টানিক প্রশিক্ষণ দেওয়া হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার
১৪	জনস্বাস্থ্য বিভাগ	উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
১৫	উপজেলা প্রকৌশলী বিভাগ	উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি, উন্নয়ন, হাট বাজারের প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে টেন্ডারের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি, উন্নয়ন, হাট বাজারের প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে টেন্ডারের কার্যক্রম অতিদ্রুত করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ
১৬	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ-২০২৪ উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা আগামী ২৪ মার্চ ২০২৪খ্রি. ভ্যৈনু মাহমুদ উস সামাদ ফারজানা চৌধুরী গালর্স স্কুল এন্ড কলেজ, ফেঞ্চুগঞ্জ, সিলেট এ অনুষ্ঠিত হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা অফিসার
১৭	বিআর ডিবি বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৮	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা সমবায় অফিসার
১৯	বন বিভাগ	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।	সভায় নিয়িমিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা

চলমানপাতা -০৩

২০	পল্লী সঞ্চয় ব্যাংক	পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ শাখা ব্যবস্থাপক, সভায় জানান ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা ২০২৪ এর সেবা সহজিকরণ/ডিজিটালাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসাবে ২টি সেবামূলক অ্যাপ্লিকেশন প্রস্তুত করা হয়েছে। ১। Psb Phone : এ অ্যাপসে যে সকল তথ্য পাওয়া যাবে ক) সকল কর্মকর্তার তথ্য খ) সকল কর্মকর্তার/কর্মচারীর মোবাই নাম্বার ইমেইল পাওয়া যাবে। ২। Monitoring software: এখানে, মাঠ পর্যায়ে সকল সমিতি ও সদস্যদের তথ্য পাওয়া যাবে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক
২১	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান মার্চ/২৪ মাসের খাদ্য বান্ধব কর্মসূচীর খাদ্যশষ্য সুষ্ঠুভাবে বিলি বিতরন করা হয়েছে। আগামী এপ্রিল/২৪ মাসের খাদ্যশষ্য বিলি বিতরন ঈদুল ফিতর এর পূর্বেই সম্পন্ন করব বলে আশা করছি। পবিত্র রমজান মাসে বাজার দর মনিটরিং এ সহযোগীতার জন্য সভার সহযোগীতা কামন করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট
২২	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন	উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ফেঞ্চুগঞ্জ, সিলেট
২৩	তথ্য আপা	তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।	তথ্য সেবা কর্মকর্তা
২৪	বিবিধ-০১	ক) সম্মানী ভাতা সংক্রান্তঃ উপজেলা চেয়ারম্যান মহোদয়ের মার্চ/২৪ মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া বাবদ ৪৫,০০০/-, উপজেলা ভাইস চেয়ারম্যান এর মার্চ/২৪ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের মার্চ/২৪ মাসের সম্মানী ভাতা মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়। খ) মালী ও সুইপার দৈনিক ভিত্তিতে মজুরি প্রদানঃ উপজেলা পরিষদের একজন মালী ৫৫০হারে মার্চ/২৪ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- এবং একজন সুইপারের ৫৫০হারে মার্চ/২৪ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়।	উপজেলা রাজস্ব তহবিল হতে সম্মানী ভাতা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা রাজস্ব তহবিল হতে দৈনিক ভিত্তিতে মজুরি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট
	বিবিধ-০২	গ) আপ্যায়ন বিল সংক্রান্তঃ মার্চ ২০২৪ মাসের উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস-চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয়।	সভার আলোচনান্তে গ নং বিল উপজেলা রাজস্ব তহবিল হতে আপ্যায়ন বিল বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,ফেঞ্চুগঞ্জ
	বিবিধ-০৩	ঘ) আনুষাঙ্গিক ব্যয় সংক্রান্তঃ উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী ও আনুষাঙ্গিক মার্চ ২০২৪ মাসের ব্যয় বাবদ ৫,০০০/- টাকা ব্যয় করার জন্য সভায় আলোচনা করা হয়।	ঘ নং উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,ফেঞ্চুগঞ্জ

সভাপতির সমাপনী বক্তব্য ঃ অদ্যকার সভায়, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানগন, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের উপজেলা চেয়ারম্যান ধন্যবাদ জ্ঞানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। তিনি আরো বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরের অনুমোদিত স্কীমসমূহ অতিদ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এছাড়া তিনি আরো বলেন যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৬/২০২৪

বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নূরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট
০১৭১১-৮৬৬৭৯২
E-mail: upazilaparishadfenchu1990@gmail

স্মারক নং ০৫.৪৬.৯১৩৫.০০০.০৬.০০১.২৩.১৮০ তারিখঃ ২১ মার্চ ২০২৪

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৮. উপজেলা..... অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
১০. জনাব ....., সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

২১/০৩/২০২৪

(ফারজানা প্রিয়াংকা)
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☎ ০২৯৯-৬৬৪৬৭০২
০১৭৩০৩৩১০৩৪

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	জনাব মোছাঃ মোহিনী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ
০২	জনাব তৈয়বুর রহমান শাহিন, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৩	জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৪	জনাব আবজাল হোসাইন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	জনাব ফারজানা প্রিয়াংকা, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ
০২	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার প্রতিনিধি, ফেঞ্চুগঞ্জ
০৩	ডা. হামিদা বেগম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
০৪	উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি, ফেঞ্চুগঞ্জ
০৫	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি, ফেঞ্চুগঞ্জ
০৬	উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ
০৭	জনাব মিলন কান্তি রায়, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
০৮	জনাব শফিক উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ
০৯	জনাব ফারহানা বিনতে রশীদ, উপজেলা মৎস্য অফিসার, ফেঞ্চুগঞ্জ
১০	জনাব আব্দুল্লাহ, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ফেঞ্চুগঞ্জ
১১	জনাব খাদিজা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১২	জনাব ইব্রাহীম ভূইয়া, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৩	জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৪	জনাব লাকী রানী দে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ
১৫	জনাব মোঃ ইকবাল হোসেন, পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ
১৬	জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৭	জনাব রোবিনা আক্তার, তথ্যসেবা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৮	জনাব মোহাম্মদ এমরান হুসেন, ইউডিএফ, ফেঞ্চুগঞ্জ

সভায় জনপ্রতিনিধিদের অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ
০২	জনাব সাইফুল ইসলাম মনা, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৩	জনাব জুবেদ আহমদ চৌধুরী শিপু, চেয়ারম্যান, ২নং মাইজগাঁও ইউপি, ফেঞ্চুগঞ্জ

অনুপস্থিত অফিসারের তালিকা ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি
০২	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৩	উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ
০৪	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ